

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭২

সোনামুড়া, ১১ এপ্রিল, ২০২৫

নতুন ডিসিএম এবং তহশীল অফিসের উদ্বোধন
সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা সমাজের অস্তিম
ব্যক্তি পর্যন্ত পৌঁছে দিতে হবে : শিল্পমন্ত্রী

প্রশাসনিক সুযোগ সুবিধা আরও বেশি করে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে। বিভিন্ন প্রকল্পে সুযোগ সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। গতকাল মেলাঘর কালীবাড়ি প্রাঙ্গণে এক অনুষ্ঠানে নতুন ডিসিএম অফিসের উদ্বোধন করে একথা বলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। এছাড়াও এদিন সোনামুড়া, তেলকাজলা ও মেলাঘরে ৩টি তহশীল অফিসের উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মহেন্দ্র কাশে চাকমা, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। উদ্বোধকের ভাষণে শিল্পমন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, প্রশাসনিক কাজকর্মের গতি বৃদ্ধিতে রাজ্য সরকার সদা তৎপর। একসঙ্গে একইদিনে চারটি প্রশাসনিক অফিসের উদ্বোধন রাজ্য সরকারের সদর্থক দৃষ্টি ভঙ্গিরই পরিচায়ক। শিল্পমন্ত্রী সমাজের সকল অংশের জনগণকে এই অফিসগুলির উপযোগিতা গ্রহণের জন্য আহ্বান জানান। এছাড়াও তিনি প্রশাসনিক আধিকারিক ও কর্মীদের উদ্দেশ্যে বলেন, সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত পৌঁছে দিতে যেন কোন ত্রুটি না হয়।
